

তারিখঃ ২৬-০৫-২০২২ (পৃঃ ১১)

মুক্তাগাছায় ব্রি-৮৪ ধানের মাঠ দিবস

প্রতিনিধি, মুক্তাগাছা (ময়মনসিংহ)

মুক্তাগাছায় জিংক সমৃদ্ধ ব্রি-৮৪ জাতের ধানের মাঠ দিবস ও কৃষক ভাবনা অনুষ্ঠিত হয়েছে। গত মঙ্গলবার উপজেলার কাঠবওলা

জনতা উচ্চ বিদ্যালয়ে উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহযোগিতায় ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশের মুক্তাগাছা সাউথ এপি এ অনুষ্ঠানের আয়োজন করে। দাওগাঁও ইউপি চেয়ারম্যান জামাল উদ্দিন বাদশার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মুক্তাগাছা বিএডিসি উদ্যান উন্নয়ন কেন্দ্রের উপপরিচালক কৃষিবিদ আসিফ ইকবাল সাকী। বিশেষ অতিথি ও অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ সেলিনা পারভীন, বিএডিসি বীজ উন্নয়ন কেন্দ্রের উপ পরিচালক কৃষিবিদ আব্দুল আহাদ, মুক্তাগাছা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক এম ইদ্রিস আলী, অতিরিক্ত কৃষি কর্মকর্তা কৃষিবিদ শাহরিয়ার মুসালিন মেহেদী, ওয়ার্ল্ডভিশন এপির লাইভলিহুড টেকনিকেল স্পেশালিস্ট মানব বিশ্বাস, প্রোগ্রাম অফিসার মার্সেল রংদী, উপসহকারী কৃষি কর্মকর্তা সেলিম রেজা প্রমুখ। ওয়ার্ল্ড ভিশন এপির প্রোগ্রাম অফিসার কৃষিবিদ রাকিবুল ইসলামের সঞ্চলনায় অনুষ্ঠানে জিংক সমৃদ্ধ বি-৮৪ ধান আবাদ করা কৃষক-কৃষাণী ও আগামীতে আবাদে আগ্রহী কৃষকরা বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। অনুষ্ঠানে জানানো হয়, ব্রি-৮৪ জাতের এই নতুন ধানে পর্যাপ্ত পরিমাণ জিংক থাকায় মানব দেহের প্রয়োজনীয় পুষ্টির চাহিদা মিটিয়ে শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধিতে এর থেকে উৎপাদিত চালের ভাত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এ ধান অন্যান্য উচ্চ ফলনশীল ধানের মতই ভাল ফলন হয়।



মুক্তাগাছা (ময়মনসিংহ) : ব্রি-৮৪ জাতের ধানের মাঠ দিবসের আলোচনায় কৃষি কর্মকর্তারা -সংবাদ